সাকিবকে ছুটি দিয়েছি মোস্তাফিজকেও দেব, কিচ্ছু করার নেই’

জাতীয় দলের খেলা ছেড়ে ‘আইপিএল প্রেমে’ মত্ত বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসান। আইপিএলে ডাক পাওয়ায় দেশের হয়ে শ্রীলংকার বিপক্ষে টেস্ট খেলবেন না তিনি।

বিসিবি সাকিবের আবেদন মঞ্জুরও করেছে।

আইপিএলে সুযোগ পাওয়া আরেক তারকা পেসার মোস্তাফিজকেও ছুটি দেবে বিসিবি- এমনটিই জানিয়েছেন বাংলাদেশ ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থার পরিচালক ও ক্রিকেট অপারেশনস কমিটির চেয়ারম্যান আকরাম খান।

সাকিবের ছুটির বিষয়টি নিশ্চিত করে আকরাম খান বলেন, এপ্রিলে একই সময়ে দুটো খেলা চলবে। শ্রীলংকার বিপক্ষে আমাদের টেস্ট সিরিজ ও আইপিএল একই সময়ে হবে। সাকিব আইপিএল খেলতে চায়। শ্রীলংকার বিপক্ষে টেস্ট সিরিজ থেকে ছুটি চেয়ে একটি চিঠি দিয়েছে সে। আমরা তাকে অনুমতি দিয়েছি।

কিছুটা ক্ষোভের সুরে আকরাম খান বলেন, অন্যদেরও ছুটি দেবে বোর্ড। যারা খেলতে চায় না, তাদের সবাইকেই ছুটি দেবে। অনেক কথা বলেছি এটা নিয়ে আমরা। সবশেষে বোর্ডের কথা– যে খেলতে না চায়, জোর করে তাকে নামানো হবে না। একই বিষয় মোস্তাফিজের বেলায়ও প্রযোজ্য। মোস্তাফিজও ছুটি চাইতে পারে। তাকেও ছুটি দেব– সবাইকে দেব। সাকিবকে ছুটি দেওয়ায় অন্যদের ক্ষেত্রেও সেই বাধ্যবাধকতা চলে আসছে বিসিবির। বোর্ডের এখানে কিচ্ছু করার নেই।

পরিশেষে ফের আক্ষেপের সুর শোনা গেল বিসিবির পরিচালকের কণ্ঠে, অবশ্যই খুব ভালো উদাহরণ নয় এটি। কিন্তু যেটি বললাম– অনিচ্ছুক কাউকে আমরা খেলাতে চাই না।

প্রসঙ্গত ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে (আইপিএল) বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসানকে তিন কোটি ২০ লাখ ভারতীয় রুপিতে দলে ভিড়িয়েছে কলকাতা নাইট রাইডার্স। আর এক কোটি রুপিতে মোস্তাফিজকে দলে ভিড়িয়েছে রাজস্থান রয়্যালস।

টিকা নিলেন তামিম-সৌম্য

করোনাভাইরাসের টিকা নিলেন ক্রিকেটার তামিম ইকবাল ও সৌম্য সরকার।

বাংলাদেশের ক্রিকেটারদের মধ্যে সবার আগে টিকা নেন সৌম্য সরকার। এরপর টিকা নেন ওয়ানডে অধিনায়ক তামিম ইকবাল।

বৃহস্পতিবার কুর্মিটোলা জেনারেল হাসপাতালে টিকা নেন এই দুই তারকা ক্রিকেটার।

নিউজিল্যান্ড সফরের আগেই জাতীয় দলের ক্রিকেটারদের করোনার টিকা নেওয়ার কথা। সে অনুযায়ী বৃহস্পতিবার টিকা নিলেন তামিম-সৌম্য। এরপর ভ্যাকসিনেশনের আওতায় একে একে টিকা নেবেন জাতীয় দলের বাকি ক্রিকেটার ও স্টাফরা।

বেলা পৌনে ১১টার দিকে শুরু হয়েছে এই প্রক্রিয়া। আগামী ২৪ ফেব্রুয়ারি নিউজিল্যান্ড যাওয়ার কথা রয়েছে টাইগারদের।

টানা জয়, ইতিহাস গড়ল ম্যানসিটি

চলতি মৌসুমে ইংলিশ প্রিমিয়ার লিগে অপ্রতিরোধ্য হয়ে উঠেছে ম্যানচেস্টার সিটি। কোনোভাবেই থামানো যাচ্ছে তাদের। জয়ের ধারাবাহিকতায় এবার ইতিহাস গড়ল দলটি।

এভারটনকে ৩-১ গোলে হারিয়ে ১০ পয়েন্টের ব্যবধানে শীর্ষস্থান মজবুত করেছে ম্যানসিটি। এই জয়ের মাধ্যমে দারুণ একটি রেকর্ড গড়েছে তারা।

ইংল্যান্ডের শীর্ষ লিগের ইতিহাসে প্রথম দল হিসেবে কোনও মৌসুমে প্রথম ১০ ম্যাচেই জিতল ম্যানচেস্টার সিটি। ১৯০৬ সালে বোল্টন

ওয়ানডারার্স ও ২০০৯ সালে ম্যানচেস্টার ইউনাইটেডের ৯টি করে জয় ছিল আগের রেকর্ড।

প্রতিপক্ষের মাঠে এদিন ফিল ফোডেনের গোলে এভারটন পিছিয়ে পড়ার খানিক পরেই সমতা টানেন রিশার্লিসন। তবে দ্বিতীয়ার্ধে আর ফেভারিটদের আটকাতে পারেনি তারা। সিটির পরের গোল দুটি করেন রিয়াদ মাহরেজ ও বের্নার্দো সিলভা।

গত ১০ ফেব্রুয়ারি, ইংল্যান্ডের শীর্ষ লিগের দল হিসেবে দেশটির ঘরোয়া ফুটবলে টানা সবচেয়ে বেশি ম্যাচ জয়ের রেকর্ড গড়েছিল সিটি।

সব মিলে লিগে টানা ১২ ম্যাচ জিতল ম্যানসিটি। লিগ টেবিলের দুইয়ে থাকা ম্যানচেস্টার ইউনাইটেডের চেয়ে এগিয়ে গেল ১০ পয়েন্টে।

ম্যাচের ৩২তম মিনিটে এগিয়ে যায় সিটি। রিয়াদ মাহরেজের ক্রস ডিফেন্ডার মাইকেল কিন হেডে ঠেকাতে গিয়ে উল্টো বল তুলে দেন ফোডেনের পায়ে। তরুণ ইংলিশ মিডফিল্ডারের শট সামনে একজনের পায়ে লেগে দিক পাল্টে জালে জড়ায়।

পাঁচ মিনিট পর সমতা টানে এভারটন। লুকাস দিনিয়ের জোরালো ভলিতে বল পোস্টে লেগে গোলমুখে ছুটে যাওয়া রিশার্লিসনের গায়ে লেগে জালে জড়ায়।

ম্যাচে ৭০ শতাংশের বেশি সময় বল দখলে রাখা সিটি আক্রমণেও আধিপত্য করে। দ্বিতীয়ার্ধে তাদের তেমন কোনও পরীক্ষাতেও ফেলতে পারেনি এভারটন।

৬৩তম মিনিটে ১৮ গজ দূর থেকে বাঁকানো শটে ফের দলকে এগিয়ে নেন আলজেরিয়ার মিডফিল্ডার মাহরেজ। আর ৭৭তম মিনিটে প্রায় একই দূরত্ব থেকে দলের তৃতীয় গোলটি করেন পর্তুগিজ মিডফিল্ডার সিলভা।

২৪ ম্যাচে ১৭ জয় ও পাঁচ ড্রয়ে সিটির পয়েন্ট হল ৫৬। ম্যানচেস্টার ইউনাইটেডের পয়েন্ট ৪৬।

ইউনাইটেডের সমান ৪৬ পয়েন্ট নিয়েই তিনে লেস্টার সিটি। চার নম্বরে থাকা চেলসির পয়েন্ট ৪২।

দামুড়হুদার হেমায়েতপুরে ব্যাডমিন্টন প্রতিযোগিতার উদ্বোধন

গতকাল বুধবার রাত ৮টার দিকে দামুড়হুদা উপজেলার হেমায়েতপুর গ্রামে ব্যাডমিন্টন প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

হেমায়েতপুর পল্লী মঙ্গল সংঘ ক্লাবের আয়োজনে নতিপোতা ইউনিয়ন পরিষদের ৭নং ওয়াড সদস্য শওকত আলী মালিথার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি আব্দুল খালেক।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এসআই বাকী বিল্লাহ, নতিপোতা ইউনিয়ন যুবলীগের সভাপতি কাওছার আলি, নতিপোতা ইউনিয়ন পরিষদের ৫নং ওয়াড সদস্য জাহাঙ্গীর হোসেন।

এ সময় অতিথি ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী খেজমত আলি, মো: হযরত আলি মাল। এছাড়াও উপস্থিত ছিলেন হারুন অর রশিদ, মতিয়ার রহমান, নাঈম মাল, মাসুদ প্রমুখ।

উদ্বোধন ম্যাচ খেলেন হেমায়েতপুর ব্যাডমিন্টন একাদশ বনাম মেহেরপুর জেলার পুরন্তপুর ব্যাডমিন্টন একাদশ।

ক্রিকেটের অভিজাত সংস্করণকে

বিদায় জানালেন ডু প্লেসি

ক্রিকেটের অভিজাত সংস্করণ টেস্ট ক্রিকেটকে বিদায় জানালেন দক্ষিণ আফ্রিকা টেস্ট দলের সাবেক অধিনায়ক ফাফ ডু প্লেসি।

বুধবার সকালে সামাজিক যোগাযোগের মাধ্যম ইনস্টাগ্রামে এক পোস্টে ডু প্লেসি অবসরের ঘোষণা দেন।

ইনস্টাগ্রামে তিনি লেখেন, “আমার মন খুবই পরিষ্কার। সামনের দিকে নতুন পথে পা ফেলার জন্য এটাই সঠিক সময়।”

৩৬ বছর বয়সী ডু প্লেসি দেশের হয়ে ৬৯টি টেস্ট খেলেন। এ সময়ে ৪০.০২ গড়ে রান করেন ৪ হাজার ১৬৩। সেঞ্চুরি ১০টি ও হাফসেঞ্চুরি ২১ টি। সর্বোচ্চ খেলেন ১৯৯ রানের ইনিংস।

২০১২ সালের নভেম্বরে অস্ট্রেলিয়ার বিপক্ষে সাদাপোশাকে ডু প্লেসির অভিষেক হয়। ২০১৬ সালে অধিনায়কত্বের দায়িত্ব পান। গত বছর দায়িত্ব ছাড়ার আগ পর্যন্ত দেশকে নেতৃত্ব দেন ৩৬টি টেস্টে।

ঘরের মাঠে পিএসজির কাছে লজ্জার হার বার্সার

নিজেদের মাঠে লজ্জার হারের স্বাদ পেল বার্সেলোনা। শেষ আটে ওঠার লড়াইয়ে কিলিয়ান এমবাপ্পের দুর্দান্ত হ্যাটট্রিকে পিএসজির কাছে ৪-১ গোলে হেরেছে লিওনেল মেসির দল।

মঙ্গলবার রাতের শুরুটা অবশ্য ভালোভাবে হয়নি পিএসজির। প্রথমার্ধে লিওনেল মেসির নেওয়া পেনাল্টি কিকে এগিয়ে যায় বার্সা। এরপরই স্বাগতিকদের বিরুদ্ধে নির্দয় হয়ে ওঠেন এমবাপ্পে। ফ্রান্সের হয়ে বিশ্বকাপজয়ী এই তারকা ৩২তম মিনিটে পিএসজিকে সমতায় ফেরান।

বিরতি থেকে ফিরে আরও ভয়ঙ্কর হয়ে ওঠেন ফরাসি ফরোয়ার্ড। ৬৫তম এব ৮৫তম মিনিটে আরও দুটি গোল করেন তিনি। তার ৭০তম মিনিটে দলের হয়ে

তৃতীয় গোলটি করেন এভারটন থেকে ধারে লিগ ওয়ান চ্যাম্পিয়নদের শিবিরে যোগ দেওয়া মইস কিন।

চোটের কারণে পিএসজির দুই প্রধান তারকা নেইমার ও আনহেল দি মারিয়া স্পেন সফরে আসতে পারেননি। এজন্য আক্রমণভাগে পিএসজির প্রধান ভরসা ছিল এমবাপ্পে। শেষপর্যন্ত দুর্দান্ত হ্যাটট্রিকে সেই ভরাসার প্রতিদান দিয়েছেন তিনি।

ফিফার রেফারি হওয়ার স্বপ্ন গাংনীর আব্বাস আলীর

ফিফার রেফারি হওয়ার স্বপ্ন দেখছেন মেহেরপুরের গাংনীর কৃতি সন্তান মো: আব্বাস আলী। তিন বছর আগে ফুটবল ফেডারেশনের তালিকা ভুক্ত হওয়ার পর থেকে দীর্ঘদিনের সেই স্বপ্ন দ্রত বাস্তবায়ন হবে এমন প্রত্যাশা তার।

মো: আব্বাস আলী গাংনী উত্তর পাড়ার বিশিষ্টি ব্যবসায়ী ইন্তাজ আলীর ছেলে। সে অনার্স মাষ্টার্স শেষ করে গাংনীতে গড়ে তুলেছেন ফুটবল একাডেমি।

রেফারি মো: আব্বাস আলী জানান,ছোট থেকে পড়াশুনার ফাঁকে ফাঁকে এলাকার বড় ভাইদের সাথে গিয়ে খেলা করতাম। খোলোয়ারদের পাশাপাশি রেফারি খেলা পরিচালনা দেখে স্বপ্ন ছিলো ফিফার রেফারি হবো। সপ্নকে বুকে ধারন করে ফুটবল ফেডারেশন রেফারির প্রশিক্ষণ গ্রহন করি।

তিনি বলেন, জাতীয় স্কুল ফুটবললীগ, জেলা প্রথম বিভাগ সহ দেশের বিভিন্ন জেলায় ফুটবল খেলায় রেফারির দায়িত্ব পালন করেছি। এখন ফুটবল ফেডারেশনের রেফারি হয়ে জীবনের সপ্নকে বাস্তবায়ন করতে চাই। বাফুফে কর্তৃপক্ষ নিশ্চই তার সপ্নের পথে পৌছাতে সার্বিক সহযোগিতা করবে বলে প্রত্যাশা করেন তিনি।

তিনি আরো বলেন, বর্তমান সমাজে মাদক ও মোবাইল ফোনে উঠতি বয়সের

যুবকদের বিপদগামী করে তুলছে। যুবকদের খেলাধুলার মাধ্যমে মাদক থেকে ফিরিয়ে আনা সম্ভব।

তিনি আরো বলেন, বাংলাদেশের জনপ্রিয় খেলা ফুটবল অনেকেই খেলে। কিন্তু কেউই ঠিক নিয়ম জানেনা। সকলেই মনগড়া নিয়ম তৈরি করে খেলা পরিচালনা করেন। ফুটবল খেলায় ফিফার যে বিধি বিধান আছে সেই গুলো সকলের মাঝে তুলে ধরে ফুটবলের উন্নতি করা ও ফুটবলের ঠিক নিয়ম এর মাধ্যমে জাতীয় পর্যায়ে খেলোয়াড় তৈরি করা।

স্থানীয় ফুটবল খেলোয়াররা জানান, মো: আব্বাস আলী শুধু বাফুফের সদস্যই না সে যেন ফিফার রেফারি হতে পারে এজন্য সরকার ও বাফুফের দৃষ্টি কামনা করেন। তারা বলেন, রেফারি মো: আব্বাস আলী জেলার গর্ব তাকে নিয়ে গর্ববোধ করি। সে বাফুফের রেফারি হয়ে দেশের তথা এ অঞ্চলের মুখ উজ্জ্বল করবে এটাই প্রত্যাশা তাদের।

সাবেক ফুটবলার যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি সদস্য আব্দুস সালাম মূর্শেদী এমপি বলেন, দেশে দক্ষ রেফারির প্রচুর চাহিদা রয়েছে একারনে করোনার মধ্যেও প্রশিক্ষণ কোর্স চলমান ছিলো। দেশের অনেকেই ফিফার রেফারি হিসেবে দায়িত্ব পালন করেছে। আমরা রেফারিদের বিদেশে পাঠাতে পারলে অভিজ্ঞাতা বাড়বে। এ বিষয়ে ব্যবস্থা নেয়া হচ্ছে।

চুয়াডাঙ্গায় জেলা হকি টুর্ণামেন্টের উদ্বোধন

মুজিব শতবর্ষ উপলক্ষে বঙ্গবন্ধু চুয়াডাঙ্গা জেলা হকি টুর্ণামেন্টের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুর চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে টুর্ণামেন্টের উদ্বোধন করেন জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার।

আলোর দিশারী স্পোর্টিং ক্লাবের আয়োজন এবং জেলা ক্রীড়া সংস্থার

ব্যবস্থাপনায় এ টুর্ণামেন্ট অনুষ্ঠিত হচ্ছে।

অজানা কারণে বাদ পড়লেন মুস্তাফিজ

চট্টগ্রামের দুঃস্মৃতি আর মনে করতে চান না বাংলাদেশ টেস্ট দলের অধিনায়ক মুমিনুল হক। সাগরিকায় তীরে এসে তরী ডোবায় বুকের ভিতর যে আগুন জ্বলছে, সেই আগুনেই সিরিজের শেষ অর্থাৎ ঢাকা টেস্টে ক্যারিবীয়দের পুড়িয়ে মারতে চান তিনি। আজ বৃহস্পতিবার মিরপুরে শুরু হয়েছে সিরিজের শেষ টেস্ট। হারলে কিংবা ড্র হলেও সিরিজ হাতছাড়া। তাই জয়ের জন্য ক্ষুধার্ত হয়েই মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে উইন্ডিজের মুখোমুখি বাংলাদেশ দল।

এই টেস্টে বাংলাদেশ একাদশে তিনটি পরিবর্তন এসেছে। সাকিব আল হাসান ও সাদমান ইসলামের ইনজুরিতে সৌম্য সরকার ও মোহাম্মদ মিঠুন জায়গা পেয়েছেন। আর পেসার মুস্তাফিজুর রহমানের পরিবর্তে আবু জায়েদ রাহির সুযোগ হয়েছে। আর উইন্ডিজ দলে একটি পরিবর্তন হয়েছে। পেসার কেমার রোচের পরিবর্তে আলজারি জোসেফ খেলছেন।

মিরপুর টেস্ট থেকে বর্তমানে বাংলাদেশ দলের সেরা পেসার মুস্তাফিজুর রহমানকেও বাদ দেওয়ায় অবাক হয়েছেন অনেকেই । টিম ম্যানেজমেন্টের এই সিদ্ধান্তের পেছনের যুক্তি খুঁজছেন তারা। তার স্থলে দলে জায়গা করে দেওয়া হয়েছে সাম্প্রতিক সময়ে সফল পেসার আবু জায়েদ রাহি। অভিজ্ঞ মুস্তাফিজের জায়গায় তরুণ রাহিকে সুযোগ দেওয়া কতটা যৌক্তিক হলো সেটি জানতে অপেক্ষা করতে হবে।

ম্যাচ শুরুর আগের দিন গতকাল বুধবার (১০ ফেব্রুয়ারী) পেসারদের বাড়তি গুরুত্ব দেওয়ার কথা বলেছিলেন বাংলাদেশ দলের টেস্ট অধিনায়ক মুমিনুল হক। বাংলাদেশ অধিনায়ক মূল একাদশে দুইজন পেসারের আভাস দিলেও স্বাগতিকরা খেলছেন এক পেসার নিয়েই। গত টেস্টের মতো এই টেস্টেও ক্যারিবীয়াদের স্পিনের ফাঁদে ফেলার কৌশল সামনে রেখে একাদশ সাজানো হয়েছে। একাদশে রাখা হয়েছে তিন স্পিনার মিরাজ, তাইজুল ও নাঈমকে।

বিরতির পর ফিরেই আবু জায়েদ নিলেন মোসলের উইকেট

চট্টগ্রামের দুঃস্মৃতি আর মনে করতে চান না বাংলাদেশ টেস্ট দলের অধিনায়ক মুমিনুল হক। সাগরিকায় তীরে এসে তরী ডোবায় বুকের ভিতর যে আগুন জ্বলছে, সেই আগুনেই সিরিজের শেষ অর্থাৎ ঢাকা টেস্টে ক্যারিবীয়দের পুড়িয়ে মারতে চান তিনি। আজ বৃহস্পতিবার মিরপুরে শুরু হয়েছে সিরিজের শেষ টেস্ট। হারলে কিংবা ড্র হলেও সিরিজ হাতছাড়া। তাই জয়ের জন্য ক্ষুধার্ত হয়েই সকাল সাড়ে নয়টায় মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে উইন্ডিজের মুখোমুখি বাংলাদেশ দল। এই ম্যাচে টস হেরে ফিল্ডিং করছে বাংলাদেশ।

প্রথমে ব্যাট করতে নেমে ভালো শুরু করে ক্যারিবীয়রা। দলীয় ৬৬ রানে তারা হারায় প্রথম উইকেট। তাইজুলের শিকার হন জন ক্যাম্পবেল। আউট হওয়ার আগে ৬৮ বলে ৩৬ রান করেন তিনি। এর আগে ব্যক্তিগত ১৩ রানের রিভিউ নিয়ে আম্পায়ারের দেওয়া এলবিডব্লিউ সিদ্ধান্ত থেকে বেঁচেছিলেন জন ক্যাম্পবেল। কিন্তু ৩৬ রানে ভাগ্য সহায়তা করেনি। তাইজুলের বল সুইপ করতে গিয়ে বিপদ ডেকে আনেন বাঁহাতি ব্যাটসম্যান। বল মিস করে তার প্যাডে আঘাত করে। আম্পায়ার এবারও তাকে আউট দেন। রিভিউ নিলেও ক্যাম্পবেলকে ফিরতে হয় সাজঘরে।

প্রথম সেশনে খুব একটা ভালো করতে না পারলেও লাঞ্চের পর দ্বিতীয় সেশনের শুরু থেকে ভালো বোলিংয়ের ধারাবাহিকতায় ডানহাতি পেসার আবু জায়েদ রাহী পেলেন উইকেটের স্বাদ। বিরতির পর তার করা তৃতীয় ওভারের দ্বিতীয় বলে বোল্ড হন শেইন মোসলে। অফস্টাম্পের অনেক বাইরের ড্রাইভ করতে গিয়ে উইকেটে টেনে আনেন ৭ রান করা মোসলে। তার আউটের সময় ওয়েস্ট ইন্ডিজের রান ২ উইকেটে ৮৭।

এই টেস্টে বাংলাদেশ একাদশে তিনটি পরিবর্তন এসেছে। সাকিব আল হাসান ও সাদমান ইসলামের ইনজুরিতে সৌম্য সরকার ও মোহাম্মদ মিঠুন জায়গা পেয়েছেন। আর পেসার মোস্তাফিজুর রহমানের পরিবর্তে আবু জায়েদ রাহির সুযোগ হয়েছে। আর উইন্ডিজ দলে একটি পরিবর্তন হয়েছে। পেসার কেমার রোচের পরিবর্তে আলজারি জোসেফ খেলবেন। এর আগে, চট্টগ্রামে

সিরিজের প্রথম টেস্টে হেরেছে বাংলাদেশ।